Sangbad Online
প্রকাশনার ৬০ বছর
সংবাদ

তারিখঃ ০৮-০৯-২০২৩ (পৃঃ ০২)

# ‘খাদ্য ঘাটতির’ তকমা ঘুচিয়ে বাংলাদেশ আজ খাদ্যে ‘স্বয়ংসম্পূর্ণ’ : কৃষিমন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

কৃষিমন্ত্রী আবদুর রাজ্জাক বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের জাদুবলেই ‘খাদ্য ঘাটতির’ দেশের তকমা ঘুচিয়ে দেশ আজ চাল, মাছ, মাংস ও ডিমে স্বয়ংসম্পূর্ণ হয়েছে। ২০২৫ সালের মধ্যে ভোজ্যতেলের চাহিদার অর্ধেক দেশে উৎপাদিত হবে।

গতকাল উজবেকিস্তানের সমরকন্দে জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার মধ্য এশিয়ার সদস্য দেশসমূহের খাদ্য নিরাপত্তার বর্তমান পরিস্থিতি ও করণীয় বিষয়ে আয়োজিত খাদ্য নিরাপত্তা সংক্রান্ত আন্তর্জাতিক সম্মেলনে মন্ত্রী এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, বাংলাদেশের কৃষি উৎপাদনের সাফল্য আজ সারাবিশ্বের জন্য উদাহরণ। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকারের কৃষিবান্ধব নীতির কল্যাণে ফসলের উৎপাদন ধারাবাহিকভাবে বেড়েছে। দেশের কৃষি আজ শক্তিশালী অবস্থানে রয়েছে।

দেশে উৎপাদিত খাদ্যের একটি বিরাট অংশ অপচয় ও নষ্ট হয় উল্লেখ করে ড. আবদুর রাজ্জাক বলেন, বর্তমানে এটি আমাদের উদ্বেগের বিষয়। আমরা অপচয় ও নষ্টের পরিমাণ কমিয়ে আনতে অগ্রাধিকার ভিত্তিতে কাজ করছি।

মন্ত্রী বলেন, খাদ্য নিরাপত্তার জন্য বিভিন্ন দেশের মধ্যে আন্তর্জাতিক সহযোগিতার পাশাপাশি আঞ্চলিক সহযোগিতাও বাড়ানো প্রয়োজন। একইসঙ্গে প্রযুক্তি ও জ্ঞানের বিনিময় দরকার। দুই দিনব্যাপী (৭-৮ সেপ্টেম্বর) এই সম্মেলনে মধ্য এশিয়া ও ইউরোপের প্রায় ২০টি দেশের কৃষিমন্ত্রী এবং বিভিন্ন সংস্থার প্রতিনিধিরা অংশগ্রহণ করছে।